

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫২২৫

আগরতলা, ১৬ মার্চ, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪  
দক্ষিণ ত্রিপুরা জেলায় লাইসেন্সপ্রাপ্ত  
আঘেয়ান্ত্র জমা দেওয়ার নির্দেশ

লোকসভার আসন্ন সাধারণ নির্বাচনকে কেন্দ্র করে নির্বাচনের আগে ও পরে  
নির্বাচনী হিংসা প্রতিরোধে দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক ড. সিদ্ধার্থ শিব  
জয়সওয়াল এক আদেশে সমস্ত লাইসেন্সপ্রাপ্ত আঘেয়ান্ত্র ও গোলাবারুদ সংশ্লিষ্ট  
থানায় জমা দেওয়ার নির্দেশ দিয়েছেন। জেলার লাইসেন্সপ্রাপ্ত আঘেয়ান্ত্র ও  
গোলাবারুদ আগামী ২০ মার্চ, ২০২৪ তারিখের মধ্যে জমা দিতে হবে। এই  
আদেশ অমান্য করলে আর্মস অ্যাস্ট ১৯৫৯-এর অধীনে আদেশ অমান্যকারীর  
বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে।

\*\*\*\*\*